গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
মাঠ প্রশাসন শাখা
www.rajshahidiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০০.০১৪.৩৪.০০০৪.২৫.৩১২

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ডেঙ্গু পরিস্থিতি প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডেঙ্গু পরিস্থিতি প্রতিরোধে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে:

০১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী স্মারক নম্বর:- ৯৯ তারিখ:-৩০/০৩/২০২৬ খ্রি: মোতাবেক প্রতি শনিবারের পরিচ্ছন্নতা অভিযান তার জেলার প্রতিটি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসহ, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিস্তৃত করতে হবে।

০২। বিভিন্ন বাসা বাড়ির ছাদের বিভিন্ন স্থানে জমে থাকা বদ্ধ পানি, ডাবের খোসায় জমে থাকা পানি, টবে জমে থাকা পানি, গাড়ি ধোয়া পানি নিয়মিত পরিষ্কার করতে হবে এবং প্রয়োজনে এ সংক্রান্ত বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।

০৩। মজা পুকুর, বদ্ধ জলাশয়গুলো স্থানীয় পর্যায়ের বিভিন্ন ভলান্টিয়ারের সাহায্যে পরিষ্কার করতে হবে। (যেমন: বিডি ক্লিন)

০৪। ডেঙ্গুর নমুনা পরীক্ষা করে সেরোটাইপ নির্ণয় করতে হবে এবং নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনে আইইডিসিআর (রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইন্সটিটিউট) এ নমুনা প্রেরণ করতে হবে।

০৫। নিয়মিত লার্ভিসাইড স্প্রে করতে হবে।

০৬। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রী প্রস্তুত রাখতে হবে।

০৭। সন্দেহজনক রোগীদের দ্রুত সনাক্ত এবং পর্যবেক্ষণে রাখতে হবে।

০৮। প্রতি শুক্রবারে মসজিদে খুতবায় ডেঙ্গু সচেতনতামূলক বক্তব্য প্রদান করতে হবে এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতেও ডেঙ্গু সচেতনতামূলক বক্তব্য প্রদান করতে হবে।

০৯। বিভিন্ন স্কুল কলেজে সকালের সমাবেশে অথবা সুবিধাজনক সময়ে ডেঙ্গু সচেতনতামূলক বক্তব্য প্রদান ও নির্দেশনা প্রদান করতে হবে।

১০। ডেঙ্গু সচেতনতামূলক বিভিন্ন সভা সেমিনার আয়োজন করতে হবে। (সকল উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে)

১১। প্রতি শনিবার তাঁর জেলার সকল উপজেলায় ও ইউনিয়নে স্কাউট, গার্লস গাইড এবং স্থানীয় ভলান্টিয়ারদের সহযোগীতায় ব্যাপকভাবে পরিচ্ছন্নতা অভিযান পরিচলনা করতে হবে এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

উপরের নির্দেশনা প্রতিপালনসহ ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন আগামী ০৬/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-০৬-২০২৬
প্রীতিলতা বর্মন
সিনিয়র সহকারী কমিশনার
ফোন : ০২৫৮৮৮৫৫৪২৮
ফ্যাক্স : ০২৫৮৮৮৫৭৫২৯
ইমেইল : fasection14@gmail.com

জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট।

---

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০০.০১৪.৩৪.০০০৪.২৫.৩১২/১ (২)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ।
Email:-useo_sha@yahoo.com
Web:- seo.shahjadpur.sirajganj.gov.bd

স্মারক নং:৩৭.০২.৮৮৬৭.০০০.৯৯.০২৫.২০২৬-৫৯

তারিখ: ০৮/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার.....কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, শাহজাদপুর, সিরাজগঞ্জ (পত্রের মর্মানুযায়ী সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
০২। সংরক্ষণ নথি।

০৮/০৬
(মো: সাইদুল ইসলাম শেখ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
শাহজাদপুর, সিরাজগঞ্জ।